1 9 MAY 2017

# ইউএসটিসির শিক্ষার্থীদের নিবন্ধন দেবে বিএমডিসি

■ চট্টগ্রাম ব্যুরো

বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (ইউএসটিসি) তিন ব্যাচের শিক্ষার্থীদের নিবন্ধনের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলর (বিএমডিসি)। আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। নিবন্ধন প্রক্রিয়া শুরুর পর গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের তালা ও হাসপাতাল খুলে দেন শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডা. প্রভাত চন্দ্র বড়ুয়া সমকালকে বলেন, 'নিবন্ধন জটিলতা নিয়ে কথা বলতে আন্দোলনরত শিক্ষার্থী ও কর্তৃপক্ষের কয়েকজন সদস্যের একটি দল বিএমডিসি দপ্তরে গিয়ে রেজিস্ট্রারের সঙ্গে বৈঠক করে। বৈঠকে শিক্ষার্থীদের শিক্ষাজীবনকে প্রাধান্য দিয়ে বিএমডিসি তিন ব্যাচের শিক্ষার্থীদের

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## ইউএসটিসির

[তৃতীয় পৃষ্ঠার পর]

নিবন্ধন দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন। এমন সিদ্ধান্তের পর আন্দোলনরত শিক্ষার্থীরা হাসপাতালসহ প্রশাসনিক ভবনের তালা খুলে দিয়েছে। এর মাধ্যমে আবারও রোগী ভর্তি ও একাডেমিক কার্যক্রম শুরু হয়েছে। বৈঠকে উপস্থিত থাকা কয়েকজন শিক্ষার্থী বলেন, 'নিবন্ধনের বিষয়টি নিয়ে বিএমডিসির ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আমরা বৈঠক করেছি। বৈঠকে আমাদের তিন ব্যাচের নিবন্ধন দিতে বিএমডিসি সম্মত হয়েছে। বাকি দুটি ব্যাচের নিবন্ধন অন্যান্য মেডিকেলের নিবন্ধনের সঙ্গে সময়মতো করা হবে বলেও আমাদের জানানো হয়েছে। এ কারণে আন্দোলন স্থগিত করে আমরা ইউএসটিসির হাসপাতাল ও প্রশাসনিক ভবনের তালা খুলে দিয়েছি। এর মাধ্যমে একাডেমিক কার্যক্রমও শুরু হয়েছে।' গত ১১ জানুয়ারি থেকে বিএমডিসির নিবন্ধনের দাবিতে আন্দোলনে নামে পাঁচ ব্যাচের প্রায় ১৪শ' শিক্ষার্থী।